

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মেডিকেল-১ শাখা
www.moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০০০.২৫৪.০৮.০০২.২৬-৮১

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

প্রজ্ঞাপন

দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২২ (সংশোধিত) অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণের অনুকূলে তাদের নামের পাশে বর্ণিত প্রতিষ্ঠানে উচ্চতর কোর্সে অধ্যয়নের লক্ষ্যে বিভিন্ন মেয়াদে নিম্নোক্ত শর্তাবলির আলোকে প্রেষণ মঞ্জুর করা হলোঃ

নং	নাম, পদবি ও বর্তমান কর্মস্থল	কোর্সের নাম ও প্রতিষ্ঠানের নাম	প্রেষণের মেয়াদ
১	ডাঃ কাজী আশরাফুল হক সিআইডি-৯৩২৩২৩৫১৩৬ রেডিওলজিস্ট বিভাগীয় পুলিশ হাসপাতাল, চট্টগ্রাম	ডিপ্লোমা (ননরেসিডেন্সি) রেডিওলজি প্রতিষ্ঠানের নাম: চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম	০২ বছর+অতিরিক্ত ০২ মাস
২	ডাঃ রাখি খাতুন সিআইডি-৯৩২৩২৩৬০৫৯ মেডিকেল অফিসার বিপিএ, সারদা, রাজশাহী	ডিপ্লোমা (মেডিকেল রেডিও ডায়াগনোসিস) প্রতিষ্ঠানের নাম: রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী	০২ বছর+অতিরিক্ত ০২ মাস

শর্তাবলি:

- প্রেষণকালে সংশ্লিষ্ট চিকিৎসকগণ কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন;
- প্রেষণকালীন চিকিৎসকগণ অধ্যয়নরত প্রতিষ্ঠানে চিকিৎসা সেবা প্রদান অব্যাহত রাখবেন;
- প্রেষণকালীন সংশ্লিষ্ট চিকিৎসকগণকে পুলিশ অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হিসাবে নিযুক্ত হবেন এবং তারা প্রচলিত নিয়ম অনুযায়ী বেতন ভাতাদি পাবেন;
- প্রেষণপ্রাপ্ত কর্মকর্তাগণ ডিগ্রি অর্জন করার পর ন্যূনতম ৫ (পাঁচ) বছর পুলিশ অধিদপ্তরে কর্মরত থাকবেন মর্মে মুচলেকা দাখিল করবেন;
- কোনো চিকিৎসক কোনো কোর্সে প্রেষণে থাকাকালীন প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না, এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গৃহিত হবে;
- চিকিৎসকগণ অনুমোদিত প্রেষণ শেষে অবিলম্বে পুলিশ অধিদপ্তরে যোগদান করবেন এবং ১৫ (পনের) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে সনদসহ কোর্স সমাপনী প্রতিবেদন দাখিল করবেন;
- কোনো চিকিৎসক অনুমোদিত প্রেষণকাল শেষ হওয়ার আগেই সংশ্লিষ্ট কোর্স/পার্ট পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা অনুমোদিত প্রেষণকাল শেষ হওয়ার আগেই স্বেচ্ছায় কোর্স ত্যাগ করলে তিনি অবিলম্বে পুলিশ অধিদপ্তরে যোগদান করবেন এবং ১৫ (পনের) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে কোর্স সমাপনী প্রতিবেদন দাখিল করবেন;
- স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০২/০২/২০২২ তারিখের ৫৯.০০.০০০০.১৪০.১৮.০১৫.২১.০১ সংখ্যক নীতিমালার অন্যান্য সকল শর্ত প্রযোজ্য হবে। আবেদনকারীর আবেদনে উল্লিখিত কোনো তথ্য 'দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২২ (সংশোধিত)' অনুযায়ী ভুল/মিথ্যা প্রমাণিত হলে প্রেষণাদেশ বাতিল করা হবে;
- কোর্স চলাকালে বিদেশ ভ্রমণের প্রয়োজন হলে এ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করবেন;
- সরকার জনস্বার্থে যে কোনো সময় তার প্রেষণাদেশ বাতিল করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ-

বিকাশ বিশ্বাস
উপসচিব

ফোনঃ ০২-২২৩৩৫৪০৫০

E-mail: medical1@moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০০০.২৫৪.০৮.০০২.২৬-৮১/১(৯)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব/সচিব,
- ৩) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
- ৭) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯) জনাব.....


৩০/০৫/২০২৬
বিকাশ বিশ্বাস
উপসচিব